Contents

শিশুদের আদর্শ নাম

আক্বীক্বাহ্

বাংলায় প্রচলিত ইসলামী শব্দার্থ

হাফিয মুহাম্মাদ আইয়ূব বিন ইদু মিয়া

আরিফ আরাফাত আসাদ প্রকাশনী ঢাকা

শিশুদের আদর্শ নাম, 'আক্বীক্বাহ্ ও বাংলায় প্রচলিত ইসলামী শব্দার্থ

হাফিয মুহাম্মাদ আইয়ূব বিন ইদু মিয়া

প্রকাশক : মুহাম্মাদ আলী

প্রথম প্রকাশ : ডিসেম্বর ২০০১ ঈসায়ী
দ্বিতীয় প্রকাশ : মে ২০১১ ঈসায়ী

পরিবেশক : আরিফ আরাফাত আসাদ প্রকাশনী ঢাকা

কম্পিউটার কম্পোজ :
এ আর এন্টারপ্রাইজ
৩২, হাজী আবদুল্লাহ সরকার লেন, বংশাল, ঢাকা।
ফোন : ০২-৯৫১২৮০৯, মোবাইল : ০১৭১১৯০৬২৭৮, ০১৯১৫২২৬০০০
E-mail : arenterprisee@yahoo.com

বিনিময় : ৪৫/- (পঁয়তাল্লিশ টাকা মাত্র)

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

প্রথম কথা : সকল প্রশংসা একমাত্র মহান রব্বুল 'আলামীনের জন্য এবং লক্ষ কোটি দরূদ ও সালাম রসূল ﷺ-এর প্রতি। ইসলাম একটি পরিপূর্ণ জীবন ব্যবস্থা। এতে জন্ম থেকে মৃত্যু পর্যন্ত সকল কাজের নির্ভুল দিক নির্দেশনা রয়েছে। একজন মুসলিম তার জীবনের সকল কাজ ইসলামের বিধি-বিধান মুতাবিক পরিচালিত করতে বাধ্য। খেয়াল খুশি বা ইসলাম বহির্ভূত কোন নিয়ম কানুন সে গ্রহণ করতে পারে না। বর্তমানে মুসলিমদের মাঝে অজ্ঞতা ও বিজাতীয় রীতিনীতির অনুসরণ ও অনুকরণের প্রভাব ব্যাপক। অধিকাংশ মুসলিমই ইসলাম মানার ক্ষেত্রে কিছু সামাজিকতা ছাড়া অন্যান্য ক্ষেত্রে চরম উদাসীন। বিখ্যাত সহাবী আবূ হুরাইরাহ্ (রাযি.) বলেন, প্রত্যেক সন্তানই ইসলামের প্রকৃতির উপর ভূমিষ্ঠ হয়। অতঃপর তার মা-বাবা তাকে ইয়াহূদী বানায় কিংবা খৃষ্টান তৈরি করে অথবা অগ্নিপূজকে পরিণত করে। (বুখারী ও মুসলিম)

তাই প্রতিটি মুসলিম শিশু জন্মের পর থেকে ইসলামী রীতিনীতিতে তাদের লালিত-পালিত করা অভিভাবকদের দায়িত্ব। কিন্তু অধিকাংশ অভিভাবকই শিশুদের জন্মের পর 'আক্বীক্বাহ্ দেয়া ছাড়া অন্যান্য নিয়ম-কানুন মেনে চলে না। আবার অনেকে 'আক্বীক্বাহ্ দিতেও কার্পণ্য করে। শিশুদের ইসলামী বা অর্থবহ নাম রাখা জরুরী হওয়া সত্ত্বেও বিজাতীয় নাম, আঞ্চলিক নাম, অর্থহীন ও ত্রুটিযুক্ত নাম অহরহ রাখছে। এসব অভিভাবকরা ইসলামী সুন্দর নাম সম্পর্কে অজ্ঞ থাকা সত্ত্বেও 'আলিম বা জ্ঞানীদের কাছ থেকে জানারও চেষ্টা করে না।। অথচ আল্ল-হ বলেন, "ইসলাম ছাড়া অন্য কোন নিয়মনীতি গ্রহণ করা হবে না অন্য কিছু গ্রহণ করলে সে হবে ক্ষতিগ্রস্ত।" (সূরাহ আ-লি 'ইমরান, ৮৫)

আর রসূল ﷺ বলেন : যে অন্য জাতির অনুসরণ করল সে তাদের সাথে ক্বিয়ামাতের মাঠে উঠবে- (আবূ দাউদ)। তাই খেয়াল খায়েশ অনুসারে নয়, সকল কিছুই ইসলামী রীতিতে করতে হবে।

ইসলামী জীবন যাপন করতে হলে দ্বীনকে জানতে হবে। আর এ জন্যই প্রতিটি নর-নারীর উপর জ্ঞান অর্জন করা ফারয। মানুষ সাধারণত ধর্মীয় আলোচনা ও ধর্মীয় বই-পুস্তক পড়ে ইসলাম সম্পর্কে পরিচালিত হচ্ছে। মানুষের মাঝে ইসলামকে জানার আগ্রহ প্রবল হওয়া সত্ত্বেও মানার ক্ষেত্রে পিছিয়ে পড়ার কারণ কি? আমি মনে করি, এর অন্যতম কারণ হচ্ছে প্রচলিত শত শত ইসলামী শব্দের অর্থ না জানা। তাই তো লক্ষ্য করলে দেখা যায় যে, অধিকাংশ মানুষই আলোচনা শুনে বা বই পড়ে ইসলামকে সঠিকভাবে বুঝতে পারছে না। ইসলামী শব্দের অর্থ না জানার কারণে অনেকেই হতাশ হয় এবং উৎসাহও হারিয়ে ফেলে। তাই সাধারণ মানুষের প্রচলিত ইসলামী শব্দসমূহের অর্থ জানা জরুরী। আর এ বিষয়ে প্রয়োজনীয়তা অনুভব করে সাধারণ মানুষকে সচেতন করার ও ইসলাম সম্পর্কে জানার, বুঝার ও মানার আগ্রহ সৃষ্টি করার লক্ষ্যে "শিশুদের আদর্শ নাম, 'আক্বীক্বাহ্ ও বাংলায় প্রচলিত ইসলামী শব্দার্থ" নামক পুস্তকে প্রচলিত ইসলামী শব্দের আভিধানিক অর্থ ও অতি জরুরী শব্দসমূহের পারিভাষিক অর্থ তুলে ধরেছি। আশা করি ইনশা-আল্ল-হ, এ পুস্তক সর্বসাধারণের ব্যাপক উপকার সাধন হবে।

পরিশেষে কৃতজ্ঞতা স্বীকার করছি এ পুস্তক লিখতে যেয়ে যে সব মনীষীদের গ্রন্থ থেকে সহযোগিতা নেয়া হয়েছে এবং আহলে হাদীস লাইব্রেরী ঢাকা'র বিশাল গ্রন্থ ভাণ্ডারের ও আমার সাথী বংশাল নিবাসী **মুহাম্মাদ সাকিব ও রানার** প্রতি। এ বইটিতে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে আমাদের জানাবেন। ইনশা-আল্ল-হ, পরবর্তী সংস্করণে সংশোধন করা হবে।

বিনীত

মুহাম্মাদ আইয়ুব বিন ইদু মিয়া

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

অভিমত

মাদরাসা মুহাম্মাদীয়া 'আরাবিয়্যাহ যাত্রাবাড়ী-এর ভারপ্রাপ্ত প্রিন্সিপ্যাল শাইখুল হাদীস আহমাদুল্লাহ রাহমানী নাসিরাবাদী (রহ.) সাহেব বলেন :

মানুষ আশরাফুল মাখলুকাত বা সৃষ্টির সেরা। তার নামও সেরা, পূর্ণ অর্থবোধক এবং সুন্দর হওয়া চাই। নাবী মুস্তফা ﷺ সন্তান ভূমিষ্ঠ হওয়ার সপ্তম দিবসে ভাল নাম রাখতে ও 'আক্বীক্বাহ্ করতে আদেশ করেছেন। এ হাদীস দ্বারা স্পষ্ট প্রতীয়মান হয় যে, প্রতিটি সন্তানের 'আক্বীক্বাহ্ দেয়া ও তাদের ভাল নাম রাখা অভিভাবকের বিশেষ দায়িত্ব। কিন্তু দুঃখের বিষয় এই যে, তথাকথিত আধুনিকতার অশুভ সয়লাবে এবং ইসলাম বিবর্জিত পাশ্চাত্য শিক্ষা ও সভ্যতার প্রভাবে বর্তমান যামানায় মুসলিমগণের মন মানসিকতা এমন অধঃপতন হয়েছে যে, যেন তাদের মুসলমানী স্বাতন্ত্রবোধ বিলুপ্ত হয়ে গেছে।

মুসলিমদের পরিচিতির নিদর্শন অর্থাৎ সন্তানের নামকরণে তারা নিজেদের ধর্মীয় বৈশিষ্ট বজায় রাখার প্রয়োজনীয়তা অনুভব করে না। মুসলিমগণ নিজেদের ছেলে-মেয়েদের নাম রাখার ব্যাপারেও আজ চরম বিভ্রান্তির শিকার। মনে হয় তারা যেন ইসলামী সুন্দর নাম খুঁজেও পান না।

আর ধর্মীয় বই-পুস্তক ও আলোচনায় অনেক ইসলামী শব্দ ব্যবহৃত হয় যেগুলোর অধিকাংশ অর্থ অনেকেই অজানা। এজন্য সাধারণ মানুষ অনেক কিছুই বুঝতে ব্যর্থ হচ্ছে। এ অবস্থার প্রতি লক্ষ্য রেখে তরুণ উদ্যোমী হাফিয মুহাম্মাদ আইয়ূব সাহেব "শিশুদের আদর্শ নাম, 'আক্বীক্বাহ্ ও বাংলায় প্রচলিত ইসলামী শব্দার্থ" নামক বইটি অনেক পরিশ্রম ও সাধনার পর লিপিবদ্ধ কর সমাজে প্রচার ও প্রকাশ করতে সমর্থ হয়েছেন। আমি তা অনেকাংশে পাঠ করেছি। সে অবশ্যই মুবারকবাদ পাবার যোগ্য। আমি তার সর্বাঙ্গীন কুশল কামনা করি। আল্ল-হ তা'আলা তাকে আরো তাওফীক দিন, তার হায়াত দারাজ করুন এবং দীনের খিদমাত আঞ্জাম দেবার উৎসাহ ও উদ্দীপনা বাড়িয়ে দিন। আমীন!

(আহমাদুল্লাহ রাহমানী নাসিরাবাদী)

সূচীপত্র

শিশু ভূমিষ্ঠ হবার পর করণীয়	৬
শিশুদের তাহনীক করার উপকারিতা	৬
শিশুর নাম কখন রাখতে হবে	৭
শিশুদের নাম কেমন হবে	৭
'আক্বীক্বাহ্ অর্থ	৭
'আক্বীক্বাহর গুরুত্ব	৭
'আক্বীক্বাহ্ কখন এবং কোন ধরনের পশু দিয়ে দিতে হবে	৭
পশুর গুণাগুণ	৮
'আক্বীক্বাহ্র সুন্নাতী সময়	৮
'আক্বীক্বাহ্ কে দিবে এবং কয়টি	৮
'আক্বীক্বাহ্র পশু যাবাহ্ করার নিয়ম ও দু'আ	৯
'আক্বীক্বাহ্র দিন করণীয়	৯
'আক্বীক্বাহ্ গোশ্ত খাওয়া বিতরণ ও চামড়া সম্পর্কিত	১০
'আক্বীক্বাহ্ দেয়ার সময়ের আগে বা পরে শিশু মারা গেলে করণীয়	১০
'আক্বীক্বাহ্র ভাগাভাগি	১০
নির্দিষ্ট সময়ে কারো 'আক্বীক্বাহ্ না হলে তার বিধান	১১
নাম প্রসঙ্গ	১২
নামের গুরুত্ব ও তাৎপর্য	১২
ইসলামী ও অর্থপূর্ণ নাম রাখা কেন জরুরী	১২
কোন্ ধরনের নাম রাখতে হবে	১৩
যে ধরনের নাম রাখা নিষিদ্ধ	১৩
ত্রুটিযুক্ত, ব্যঙ্গ ও বিকৃত নাম পরিহার ও পরিবর্তন করতে হবে	১৪
ভাল ও মন্দ নামের প্রভাব	১৬
ইসলামী নামের শ্রেণী বিভাগ	১৭
বংশসূচক নাম	১৭
সম্বন্ধসূচক নাম	১৭
উপাধি	১৭
উপনাম	১৭
আদর্শ নামের তালিকা	১৮
আল্ল-হ তা'আলার নিরানব্বইটি নাম	১৮
নাবী-রসূলদের নামসমূহ	২০
রসূলুল্ল-হ ﷺ-এর নামসমূহ	২০
জান্নাতের সুসংবাদপ্রাপ্ত দশজন সহাবাদের নাম	২১
রসূলুল্ল-হ ﷺ-এর স্ত্রীদের নাম	২১
রসূল ﷺ-এর ছেলে ও মেয়েদের নাম .	২১
কয়েকজন সহাবার নাম	২১
কয়েকজন মহিলা সহাবার নাম	২২
কয়েকজন তাবিঈর নাম	২২
আল্ল-হর নামের সাথে যোগ করে নাম	২৩
'দীন' শব্দ যোগ করে নাম	২৩
ইসলাম শব্দ যোগ করে নাম	২৪
'রহমান' শব্দ যোগ করে নাম	২৪
'আলম' শব্দ যোগ করে নাম	২৫
'হাক্ব' শব্দ যোগ করে নাম	২৫
'বারী' শব্দ যোগ করে নাম	২৬
বাংলা অক্ষর ক্রমানুসারে ছেলে ও মেয়েদের নামের তালিকা	২৬
ছেলেদের নাম- আ	২৬
মেয়েদের নাম- আ	২৭
ছেলে- ই, ঈ, উ	২৮

Contents

মেয়ে- ই, উ	২৮
ছেলে- ও	২৮
মেয়ে- ও	২৯
ছেলে- ক	২৯
মেয়ে- ক	২৯
ছেলে- খ	২৯
মেয়ে- খ	২৯
ছেলে- গ	২৯
মেয়ে- গ	৩০
ছেলে- জ, য	৩০
মেয়ে- জ, য	৩০
ছেলে- ত	৩০
মেয়ে- ত	৩১
ছেলে- দ	৩১
মেয়ে- দ	৩১
ছেলে- ন	৩১
মেয়ে- ন	৩১
ছেলে- ফ	৩২
মেয়ে- ফ	৩২
ছেলে- ব	৩৩
মেয়ে- ব	৩৩
ছেলে- ম	৩৩
মেয়ে- ম	৩৪
ছেলে - র	৩৫
মেয়ে- র	৩৫
ছেলে- ল	৩৬
মেয়ে- ল	৩৬
ছেলে- শ	৩৬
মেয়ে- শ	৩৬
ছেলে- স	৩৬
মেয়ে- স	৩৭
ছেলে- হ	৩৮
মেয়ে- হ	৩৮
বাংলায় প্রচলিত ইসলামী শব্দার্থ	৩৯
অ, আ	৩৯
ই	৪০
ঈ	৪০
উ	৪১
ও	৪১
ক	৪১
খ	৪২
গ	৪২
জ	৪২
ত	৪৩
দ	৪৩
ন	৪৪
ফ	৪৪
ব	৪৫
ম	৪৫
য	৪৬
র	৪৬
ল	৪৬
শ	৪৭
স	৪৭
হ	৪৭

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

শিশু ভূমিষ্ঠ হবার পর করণীয় : সদ্য ভূমিষ্ঠ শিশুকে প্রথমে পাকসাফ করতে হবে এবং সকল নবজাত শিশুর ডান কানে আযান ও বাম কানে ইক্বামাত দিতে হবে। এ সম্পর্কে হাদীসে এসেছে যে, সহাবী আবূ রাফি' (রাযি.) বলেন, ফাতিমাহ্ (রাযি.) যখন 'আলী (রাযি.)-এর পুত্র হাসানকে জন্ম দেন তখন আমি রসূলুল্ল-হ ﷺ-কে হাসানের কানে সলাতের ন্যায় (সলাতের মত) আযান দিতে দেখেছি- (তিরমিযী, ই. সে. ৩য় খণ্ড, হাঃ ১৪৫৮; মিশকাত- নূর মোহাম্মদ আজমী, ৯ম খণ্ড, হাঃ ৩৯৭৮)। হাসান (রাযি.) বলেন, রসূলুল্ল-হ ﷺ বলেছেন : যার কোন সন্তান জন্মগ্রহণ করল। অতঃপর সে ঐ শিশুর ডান কানে আযান এবং বাম কানে ইক্বামাত দিল তাকে উম্মুস সিবয়্যা-ন্ (নামক শাইত্বন) কোন ক্ষতি করতে পারবে না। (আবূ ইয়ালা, মাজমাউয্ যাওয়ায়িদ ৪র্থ খণ্ড, ৫৯ পৃষ্ঠা; বাইহাকী ৯ম খণ্ড, ৩০৫ পৃষ্ঠা, বরাতে 'আক্বীক্বাহ ও নাম রাখা ৩১ পৃষ্ঠা)

'উমার ইবনু 'আবদুল 'আযীয (রহ.) নবজাত শিশুর ডান কানে আযান ও বাম কানে ইক্বামাত দিতেন। (তুহফাতুল আহওয়াযী ৫ম খণ্ড ১০৭ পৃষ্ঠা)

শিশুদের তাহনীক করার উপকারিতা : নবজাত শিশুকে পরিষ্কার করে আযান ও ইক্বামাত দেয়ার পর করণীয় সম্পর্কে 'আয়িশাহ্ (রাযি.) হতে বর্ণিত আছে যে, রসূলুল্ল-হ ﷺ-এর কাছে নবজাত শিশুদের আনা হত, তিনি তাদের কল্যাণের জন্য দু'আ করতেন এবং তাদেরকে তাহনীক করতেন- (মিশকাত হাঃ ৩৯৭১)। তাহনীক অর্থ হলো কোন পরহেযগার ও মুত্তাক্বী লোকের দ্বারা খেজুর চিবিয়ে শিশুর গালের তালুতে দিয়ে দু'আ করে নেয়া।

এ প্রসঙ্গে আবূ মূসা আ'শআরী (রাযি.) বর্ণনা করেছেন, আমার একটি ছেলে জন্ম হলো। আমি তাকে নিয়ে নাবী ﷺ-এর খিদমাতে হাজির হলাম। তিনি তার নাম রাখলেন ইবরাহীম এবং একটি খুরমা চিবিয়ে দিলেন। অতঃপর তার বারাকাতের জন্য দু'আ করলেন। এরপর আমার নিকট দিয়ে দিলেন। (বুখারী- আধুনিক প্রকাশনী, ৫ম খণ্ড, হাঃ ৫০৬২)

হাফিয ইবনু হাজার আসকালানী (রহ.) বলেন, খেজুর না পেলে মৌমাছির মধু দ্বারা তাহনীক করা উত্তম। তা না পেলে আগুন স্পর্শ না করা জিনিস উত্তম।

(ফাতহুল বারী ৯ম খণ্ড, ৫৮৮ পৃষ্ঠা)

অতএব রসূল ﷺ যেহেতু তাহনীক করতেন সেহেতু তাহনীক করা সুন্নাত। অবশ্যই প্রত্যেক সুন্নাতে হিক্বমাত রয়েছে তা পালন করলে দুন্ইয়া ও আখিরাতে কল্যাণ হবে। তাহনীক সম্পর্কে আধুনিক বিজ্ঞানীরা বলেন, সদ্যপ্রসূত শিশুকে মিষ্টি জাতীয় খাবার খাওয়ালে তার পাকযন্ত্রে রাসায়নিক প্রক্রিয়া ভাল হয়।

(ইসলামে নামকরণের পদ্ধতি, ৩৬-৩৭ পৃষ্ঠা)

শিশুর নাম কখন রাখতে হবে : আবূ মূসা আশ'আরী (রাযি.) বলেন, আমার একটি সন্তান জন্ম হলো। আমি তাকে নিয়ে নাবী ﷺ-এর খিদমাতে হাজির হলাম। তিনি তার নাম রাখলেন ইবরাহীম- (বুখারী, আধুনিক প্রকাশনী ৫ম খণ্ড, হাঃ ৫০৬২)। শিশু জন্ম হবার পরই তার নাম রাখা যাবে এবং সাত দিন পর্যন্ত অপেক্ষা করতে হবে না- (ফাতহুল বারী ৯ম খণ্ড, ৫৮৯ পৃষ্ঠা)। যদিও 'আক্বীক্বাহ্ সপ্তম দিনে হবে এবং পশু যাবাহের সময় ঐ নামটা বলতে হবে। ইমাম বাইহাকী বলেন, জন্মের পরই শিশুর নাম রাখা সংক্রান্ত হাদীসগুলো তার সপ্তম দিনে নাম রাখা সংক্রান্ত হাদীসসমূহের চেয়ে অধিক সঠিক- (ঐ)। তাড়াতাড়ি শিশুর নামকরণ হলে চেনা ও ডাকা সুবিধা।

শিশুদের নাম কেমন হবে : আবূ দারদা (রাযি.) বলেন, রসূলুল্ল-হ বলেছেন : নিশ্চয় তোমাদেরকে ক্বিয়ামাতের দিন তোমাদের নাম এবং তোমাদের পিতাদের নাম ধরে ডাকা হবে। অতএব তোমরা নিজেদের ভাল নাম রাখবে। (আবূ দাউদ, মিশকাত হাঃ ৪৫৬১)

ইবনু 'উমারের বর্ণনায় রসূলুল্ল-হ ﷺ বলেন : আল্ল-হর নিকট সবচেয়ে পছন্দনীয় তোমাদের নাম 'আবদুল্লাহ ও 'আবদুর রহমান। (মুসলিম, মিশকাত ৯ম খণ্ড, হাঃ ৪৫৭৩)

শিশুদের নাম রাখা সংক্রান্ত বিস্তারিত লেখা সামনে আছে।

'আক্বীক্বাহ প্রসঙ্গ

'আক্বীক্বাহ্ অর্থ : শিশু জন্মের পর সপ্তম দিবসে নামকরণ ও মাথার চুল মুড়ানো উপলক্ষে পশু কুরবানীর নাম আক্বীক্বাহ্। (ইসলামী বিশ্বকোষ ১ম খণ্ড, ১০০ পৃষ্ঠা)

'আক্বীক্বাহর গুরুত্ব : সালমান ইবনু আমির দাব্বী (রাযি.) বর্ণনা করেছেন, আমি রসূলুল্ল-হ ﷺ-কে বলতে শুনেছি, ছেলের 'আক্বীক্বাহ্ করা আবশ্যক। অতঃপর তোমরা তার পক্ষ হতে রক্ত প্রবাহিত কর অর্থাৎ জানোয়ার যাবাহ্ কর এবং তার থেকে কষ্ট দূর কর- (বুখারী আধুঃ প্রকাঃ ৫ম খণ্ড হা: ৫০৬৬)। ইউসুফ ইবনু মাহাক (রাযি.) থেকে বর্ণিত তারা কয়েকজন মিলে 'আবদুর রহমানের কন্যা হাফসার কাছে গেলেন। তারা তাকে 'আক্বীক্বাহ্ সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি তাদেরকে অবহিত করেন যে, 'আয়িশাহ্ (রাযি.) তাকে জানিয়েছেন যে, রসূল ﷺ তাদেরকে পুত্র সন্তানের পক্ষ থেকে সমবয়সী ২টি বকরী 'আক্বীক্বাহ্ দিতে নির্দেশ দিয়েছেন- (তিরমিযী বাংলাদেশ ইসলামী সেন্টার, ৩য় খণ্ড, হা: ১৪৫৫)। সালমান ইবনু আমির দাব্বী (রাযি.) থেকে বর্ণিত, তিনি বলেন, রসূল ﷺ বলেছেন : প্রত্যেক শিশুর পক্ষ থেকে আক্বীক্বাহ্ করা প্রয়োজন। অতএব তোমরা তার পক্ষ থেকে রক্ত প্রবাহিত কর (পশু যাবাহ্ কর) এবং তার থেকে ময়লা বা কষ্টদায়ক বস্তু (যেমন চুল) দূর কর। (তিরমিযী ঐ, হাঃ ১৪৫৭)

'আক্বীক্বাহ্ কখন এবং কোন ধরনের পশু দিয়ে দিতে হবে : সামুরাহ্ (রাযি.) থেকে বর্ণিত, তিনি বলেন, রসূলুল্ল-হ ﷺ বলেছেন : প্রত্যেক শিশু তার

'আক্বীক্বাহ্‌র সাথে বন্ধক (দায়বদ্ধ) থাকে। জন্মের সপ্তম দিনে তার পক্ষ থেকে যাবাহ্ করতে হবে, তার নাম রাখতে হবে এবং তার মাথা কামাতে হবে- (তিরমিযী ঐ, হাঃ ১৪৬৪)। 'আয়িশাহ্ (রাযি.) বলেন, 'আক্বীক্বাহ্ হবে সপ্তম দিনে। তা যদি না হয় তাহলে চৌদ্দ দিনে। তাও যদি না হয় তাহলে একুশ দিনে- (মুসতাদরকে হা-কিম ৪র্থ খণ্ড, ২৩৯ পৃষ্ঠা)। ইমাম তিরমিযী (রহ.) বলেন, বিশেষজ্ঞ 'আলিমগণ এ হাদীস অনুযায়ী 'আমাল করেছেন। তাদের মতে শিশুর জন্মের সপ্তম দিনে তার পক্ষ থেকে 'আক্বীক্বাহ্ করা মুস্তাহাব, সপ্তম দিনে সম্ভব না হলে চৌদ্দতম এবং সে তারিখও সম্ভব না হলে একুশ দিনে। তারা আরো বলেন, যে ধরনের বকরী কুরবানী করা জায়িয সে ধরনের বকরী দিয়ে 'আক্বীক্বাহ্ করাও জায়িয। (তিরমিযী ঐ, ১৩৫ পৃষ্ঠা)

পশুর গুণাগুণ : 'আক্বীক্বাহ্‌র পশু কুরবানীর পশুর মত। তাই আল্লামা ইবনু রুশ্‌দ বলেন, কুরবানীর পশু যেসব দোষ থেকে মুক্ত হবে 'আক্বীক্বাহ্‌র পশুর সেসব দোষ থেকে মুক্ত হওয়া উচিত। (বিদ'আতুল মুজতাহিদ)

'আক্বীক্বাহ্‌র সুন্নাতী সময় : রসূলুল্ল-হ ﷺ-এর 'আমাল দ্বারা প্রমাণিত হয় যে, সপ্তম দিনটি অধিক উত্তম। কারণ, মা 'আয়িশাহ্ (রাযি.) বলেন : রসূলুল্ল-হ ﷺ হাসানের পক্ষ থেকে ২টি বকরী ও হুসাইনের পক্ষ থেকে ২টি বকরী 'আক্বীক্বাহ্ দেন। যা তিনি সপ্তম দিনে যাবাহ্ করেন। (মুসান্নাফ, 'আবদুর রায্‌যাক)

ইমাম মালিক (রহ.) বলেন, যেদিন সন্তান জন্মাবে সেদিনটি গণনা করা হবে না। তবে হ্যাঁ শিশুটি যদি ঐ দিনের ফাজ্‌রের আগে জন্মায় তাহলে ফাজ্‌রের পরের দিনটিও গণনা করা হবে। (তুহফাতুল মাউদূদ)

ইমাম শাফিঈ (রহ.) থেকেও এরূপ বর্ণিত আছে। (উমদাতুল ক্বারী)

ইমাম নাববী বলেন, সঠিক মতে জন্ম দিনটিও সাতদিনের মধ্যে গণ্য হবে। কোন শিশু যদি রাতে জন্ম হয় তাহলে ঐ রাতের পরই আসছে দিনটি গণ্য হবে। কিন্তু দিনের মাঝে সন্তান জন্মগ্রহণ করলে ঐ দিনটি গণনার মধ্যে আসবে না। (রাওযাতুত্ব ত্বালিবীন)

সারকথা, সূর্যাস্ত থেকে সূর্যোদয়ের মধ্যে কোন সন্তান জন্মগ্রহণ করলে সূর্যোদয়ের সাথে আসছে দিনটি সাত দিনের মধ্যে গণ্য হবে। কিন্তু সূর্যোদয়ের পর থেকে সূর্যাস্ত পর্যন্ত সময়ের মধ্যে কোন ছেলে-মেয়ে জন্ম হলে ঐ দিন সাতদিনের মধ্যে গণ্য হবে না। সপ্তম দিনে সকাল, দুপুর, বিকেল যে কোন সময়েই দিলে চলবে। এর জন্য কোন নির্দিষ্ট সময় নেই। (সূত্র : শিশুদের 'আক্বীক্বাহ্ ও ইসলামী আনকমন নাম, ১২-১৩ পৃষ্ঠা)

'আক্বীক্বাহ্ কে দিবে এবং কয়টি : 'আম্‌র ইবনু শু'আইব তার পিতার মাধ্যমে তার দাদা হতে বর্ণনা করেন, রসূল ﷺ-কে প্রশ্ন করা হলে তিনি বলেন : যার কোন সন্তান ভূমিষ্ঠ হয়, আর সে তার পক্ষ হতে কোন পশু যাবাহ্ করতে চায়, তবে

সে যেন অবশ্যই ছেলের পক্ষ থেকে ২টি এবং মেয়ের পক্ষ থেকে ১টি বকরী যাবাহ্ করে- (মিশকাত এমদাদিয়া লাইব্রেরী ঢাকা, ৮ম খণ্ড, হাঃ ৩৯৭৭)। আল্লামা রাজী বলেন, এ হাদীসটি প্রমাণ করে যে, পিতারই দায়িত্ব সন্তানের 'আক্বীক্বাহ্ দেয়া।

কোন শিশুর পিতা যদি না থাকে তাহলে তার অভিভাবকই তার 'আক্বীক্বাহ্ দিবে। তাই ইমাম নাববী (রহ.) বলেন, সন্তানের ভরণ-পোষণের দায়িত্ব যার উপর শুধুমাত্র সে ব্যক্তি 'আক্বীক্বাহ্ দিবে- (রওযাতুত ত্ব-লিবীন ৩য় খণ্ড, ২৩০ পৃষ্ঠা)। 'আয়িশাহ্ (রাযি.) বলেন, আমাদেরকে রসূলুল্ল-হ ﷺ ছেলের পক্ষ থেকে ২টি এবং মেয়ের পক্ষ থেকে ১টি বকরী 'আক্বীক্বাহ্ দেয়ার হুকুম দিয়েছেন- (তিরমিযী ৩য় খণ্ড, হাঃ ১৪৫৫)। তাই আক্বীক্বাহ্ দেয়ার দায়িত্ব শিশুর পিতা যদি না থাকে তাহলে তার অভিভাবককে দিতে হবে এবং ছেলের পক্ষ থেকে ২টি এবং মেয়ের পক্ষ থেকে ১টি বকরী 'আক্বীক্বাহ্ দিতে হবে।

'আক্বীক্বাহ্র পশু যাবাহ্ করার নিয়ম ও দু'আ : বিখ্যাত তাবিঈ কাতাদাহ্ (রাযি.)-কে জিজ্ঞেস করা হলো যে, 'আক্বীক্বাহ্ যাবাহ করা হবে কিভাবে? তিনি বলেলেন, ক্বিবলার দিকে পশুটির মুখ করবে। তারপর তার গলায় ছুরি রাখবে।

অতঃপর বলবে, اللهم منك ولك عقيقت فلان بسم الله الله اكبر

আল্ল-হুম্মা মিনকা ওয়ালাকা 'আক্বীক্বাতু ফুলানিন বিসমিল্লাহি আল্ল-হু আকবার (তারপর যার পক্ষে 'আক্বীক্বাহ্ করা হচ্ছে তার নাম উল্লেখ করতে হবে এরপর বলতে হবে), বিসমিল্লা-হি আল্ল-হু আকবার, তারপর যাবাহ করবে- (মুসান্নাফ ইবনু আবী শাইবাহ্ ৮ম খণ্ড, ২৪৫ পৃষ্ঠা)

'আয়িশাহ্ (রাযি.)-এর বর্ণনায় রসূলুল্ল-হ ﷺ বলেন, তোমরা শিশুর নামের উপরে যবেহ কর এবং বল 'বিসমিল্লা-হি আল্ল-হু আকবার মিনকা ওয়ালাকা' (যার নামে 'আক্বীক্বাহ্ করা হচ্ছে তার নাম উল্লেখ করতে হবে, এরপর বলতে হবে) 'আক্বীক্বাতু ফুলা- নিন- (সুনানে বাইহাক্বী ৯ম খণ্ড, ৩০৩ পৃষ্ঠা)। **অথবা** 'আক্বীক্বাহ্র জন্য যবেহ করার শিশুটির নাম নিয়ে বাংলায় এরূপ বললে চলবে যে, এটা অমুকের 'আক্বীক্বাহ্ তারপর বলবে, 'আল্ল-হুম্মা মিনকা ওয়ালাকা বিসমিল্লা-হি আল্ল-হু আকবার'। অতঃপর ছুরি চালাবে। হাফিয ইবনুল কাইয়্যিম বলেন, কেউ যদি 'আক্বীক্বাহ্র সঙ্কল্প করে এবং মুখে অমুকের 'আক্বীক্বাহ্ প্রভৃতি শব্দগুলো না বলে তাহলেও কাজ সিদ্ধ হবে ইনশা-আল্ল-হ- (তুহফাতুল মাওদূদ ৫৫ পৃষ্ঠা)। তবে 'বিসমিল্লা-হি আল্ল-হু আকবার' বলা যেন অবশ্যই না ছুটে। (সূত্র : 'আক্বীক্বাহ্ ও নাম রাখা)

'আক্বীক্বাহ্র দিন করণীয় : 'আলী ইবনু আবূ তালিব (রাযি.) থেকে বর্ণিত, তিনি বলেন, রসূলুল্ল-হ ﷺ হাসানের জন্য বকরী দ্বারা 'আক্বীক্বাহ্ দিয়ে বলেন : হে ফাতিমাহ্! তুমি এর মাথাটা মুণ্ডন করে দাও এবং এর চুলের ওজনের কিছু সদাক্বাহ্ করে দাও। ফলে আমরা তা ওজন করলাম। তা ছিল এক দিরহাম ওজনের কাছাকাছি- (তিরমিযী ৩য় খণ্ড, হাঃ ১৪৬১)। 'আয়িশাহ্ (রাযি.) বর্ণনায় আছে, নাবী ﷺ

বলেন, শিশুটির মাথা মুণ্ডন করে মাথায় জাফরান লাগিয়ে দাও- (আল ইহসান ফী-তারতীবি সহীহ ইবনু হিব্বান ৭ম খণ্ড ৩৫৫ পৃষ্ঠা, বেনারসের সওতুল উম্মাহ, আগস্ট ১৯৯৭ সংখ্যা ৩৯ পৃষ্ঠা, বরাতে 'আক্বীক্বাহ্ ও নাম রাখা ২৭ পৃষ্ঠা)। এ দু'টি হাদীস থেকে জানা যাচ্ছে যে, শিশুর সুন্দর নাম ঠিক করে সপ্তম দিনে আক্বীক্বাহ্ করতে হবে, তারপরে মাথা মুণ্ডন করতে হবে। তারপর মাথার চুল ওজন করে তার দামটা দান করে দিতে হবে এবং মাথায় সুগন্ধি লাগাতে হবে।

রসূলুল্ল-হ ﷺ হাসানের পক্ষে বকরী দ্বারা 'আক্বীক্বাহ্ দিয়ে বলেন, হে ফাতিমাহ্! তুমি এর মাথার চুলগুলো ফেলে দাও এবং এর চুলের ওজনে কিছু সদাক্বাহ্ করে দাও। ফলে আমরা তা ওজন করলাম। এর ওজন ছিল এক দিরহাম। (হাকিম, বাইহাকী)

'আক্বীক্বাহ্ গোশ্ত খাওয়া বিতরণ ও চামড়া সম্পর্কিত : রসূল ﷺ-এর নাতি হাসান ও হুসাইন (রাযি.)-এর 'আক্বীক্বাহ্ দেয়ার সময় রসূল ﷺ তার কন্যা ফাতিমাহ্ (রাযি.)-কে বলেন, সন্তানের ধাত্রীকে একটি রান পাঠাও এবং তা নিজেরা খাও, অপরকেও খাওয়াও আর এর হাড় ভেঙ্গ না- (আবূ দাউদ)। আল্লামা ইবনু রুশদ বলেন, 'আক্বীক্বাহ্র গোশ্ত ও তার চামড়া এবং সব অংশের বিধান কুরবানীর গোশ্তের বিধানের মত অর্থাৎ খাওয়ার ব্যাপারে, দানের ব্যাপারে এবং তা বিক্রি নিষেধের ব্যাপারে- (বিদায়াতুল মুজতাহিদ ২য় খণ্ড, ৪৬৪ পৃষ্ঠা)। বিখ্যাত সহাবী ইবনু 'উমার (রাযি.) 'আক্বীক্বাহ্র পশুর চামড়া বেঁচে দিয়ে তার দামটা সদাক্বাহ্ করে দিতেন। প্রখ্যাত তাবিঈ হাসান (রহ.) বলেন, 'আক্বীক্বাহ্ ও কুরবানীর চামড়া কসাই ও পাচককে তাদের মজুরী হিসেবে দেয়া আপত্তিকর। (তুহফাতুল মাউদুদ ৪৩ পৃষ্ঠা, বরাতে 'আক্বীক্বাহ্ ও নাম রাখা ২৫ পৃষ্ঠা)

তাই কুরবানীর গোশ্তের মত 'আক্বীক্বার গোশ্তও সবাই খেতে পারবে এবং তা কারো জন্যই খেতে মানা নেই আর এ সম্পর্কে সমাজে ভ্রান্ত ধারণা রয়েছে যে, শিশুর মা-বাবা, দাদা-দাদী, নানা-নানী 'আক্বীক্বাহ্র গোশ্ত খাওয়া নিষেধ; আসলে এটা ভিত্তিহীন ধারণা।

'আক্বীক্বাহ্ দেয়ার সময়ের আগে বা পরে শিশু মারা গেলে করণীয় : কোন সন্তান যদি সাত দিনের আগেই মারা যায় তাহলে সে সন্তানের 'আক্বীক্বাহ্ দিতে হবে না- (মুসান্নাফে আঃ রাযযাক ৪র্থ খণ্ড ৩৩৫ পৃষ্ঠা, ফাতহুল বারী ৯ম খণ্ড ৫৯৪ পৃষ্ঠা; নায়লুল আওতার ৪র্থ খণ্ড ৩৬৯ পৃষ্ঠা)। কেউ যদি সাত দিনের পর মারা যায় তাহলে তার পক্ষেও 'আক্বীক্বাহ্ দিতে হবে। (রওযাতুত্ ত্ব-লিবীন ৩য় খণ্ড, ২৩২ পৃষ্ঠা)

'আক্বীক্বায় ভাগাভাগি : দশ লাখ হাদীসের হাফিয ইমাম আহমাদ ইবনু হাম্বলকে একদা জিজ্ঞেস করা হয় যে, সাতজনের পক্ষ থেকে একটি উট 'আক্বীক্বাহ্ হবে কি? তিনি বলেন, আমি এ ব্যাপারে কোন হাদীসই শুনেনি। আমার মতে সাতজনের পক্ষে একটি 'আক্বীক্বাহ্ বৈধ হবে না। (তুহফাতুল মাউদুদ)

একটি উটে বা গরুতে কয়েকজনের 'আক্বীক্বাহ্ মোটেই জায়িয নয়।

কোন সহাবী বা যঈফ হাদীস দ্বারাও একথার প্রমাণ পাওয়া যায় না যে, রসূলুল্ল-হ ﷺ কিংবা সহাবায়ি কিরাম অথবা তাবিঈ প্রমুখগণ একটি উট বা গরুতে কয়েকজন ছেলে-মেয়ের 'আক্বীক্বাহ্ দিয়েছেন। কিন্তু ওতে কয়েকভাগ কুরবানী ও কয়েকভাগ 'আক্বীক্বাহ্ দিয়েছেন। (শিশুদের 'আক্বীক্বাহ্ ও ইসলামী আনকমন নাম ১৮ পৃষ্ঠা)

নির্দিষ্ট সময়ে কারো 'আক্বীক্বাহ্ না হলে তার বিধান : এ সম্পর্কে বিশিষ্ট 'আলিম ও লেখক অধ্যাপক শাইখ হাফিয আইনুল বারী আলিয়াভী সাহেব তাঁর 'আক্বীক্বাহ্ ও নাম রাখা' নামক পুস্তকের ১৫-১৬ পৃষ্ঠা লিখেন- কোন পিতা বা অভিভাবক যদি সাত, চৌদ্দ ও একুশ দিনেও তার সন্তানের 'আক্বীক্বাহ্ না দিতে পারে তাহলে তার জন্য আর কোন নির্দিষ্ট দিন নেই। ঐ সন্তানটির বালেগ বা প্রাপ্তবয়স্ক হওয়া পর্যন্ত যে কোন সময়ে তার পক্ষ থেকে 'আক্বীক্বাহ্ দেয়া যাবে। কিন্তু সন্তানটি যদি বালেগ হয়ে যায় এবং তার পক্ষ থেকে 'আক্বীক্বাহ্ না দেয়া হয়ে থাকে তাহলে তার উপরে আর 'আক্বীক্বাহ্ থাকে না। (আল মুগনী ৮ম খণ্ড, ৬৬৭ পৃষ্ঠা; রওযাহ্ ৩য় খণ্ড, ২২৯ পৃষ্ঠা)

এবার প্রশ্ন সে নিজে তার 'আক্বীক্বাহ্ দিতে পারে কিনা। এ প্রশ্নের উত্তরে ইমাম আহমাদ বলেন, সে নিজের 'আক্বীক্বাহ্ দিবে না। কারণ এটা তার পিতার দায়িত্ব। কিন্তু দু' তাবিঈ 'আতা ও হাসান (রহ.) বলেন, সে নিজের আক্বীক্বাহ্ নিজেই দিবে। কারণ সে 'আক্বীক্বাহ্র সাথে বন্ধক আছে। তাই তার উচিত আক্বীক্বাহ্ দিয়ে বন্ধক মুক্ত করা- (আল মুগনী ৮ম খণ্ড ৬৪৬ পৃষ্ঠা)। এজন্যই তাবিঈ নেতা মুহাম্মাদ ইবনু সীরীন বলেন, আমি নিজেই নিজের তরফ থেকে 'আক্বীক্বাহ্ দিয়েছি।

(মুসান্নাফে ইবনু আবী শাইবাহ্ ৮ম খণ্ড ২৩৬ পৃষ্ঠা, ফাতহুল বারী ৯ম খণ্ড ৫৯৫ পৃষ্ঠা)

আনাস বর্ণিত একটি হাদীসে আছে, নাবী ﷺ নাবী হবার পর নিজের তরফ থেকে নিজেই 'আক্বীক্বাহ্ করেছিলেন- (বাইহাক্বী ৯ম খণ্ড, ৩০০ পৃষ্ঠা; মুসনাদে বাযযার, মুসান্নাফ আঃ রাযযাক ৪র্থ খণ্ড, ৩২৯ পৃষ্ঠা)। হাফিয ইবনু হাজার আসকালানী বলেন, এ হাদীসটি প্রামাণ্য নয়- (ফাতহুল বারী ৯ম খণ্ড ৫৯৫ পৃষ্ঠা)। ইমাম বাইহাক্বী বলেন, এ হাদীসটি অস্বীকৃত। আল্লামা নাববী বলেন, এ হাদীসটি বাতিল- (শারহুল মুহাযযাব, তালখীসুল হাবীর ৩৮৭ পৃষ্ঠা, ফাতহুল আল্লাম ২য় খণ্ড, ২৯৯ পৃষ্ঠা)। সুতরাং এ হাদীসটি দলীলের অযোগ্য। তথাপি এ হাদীসের ভিত্তিতে কিছু 'আলিম পেশ করেন যে, প্রাপ্তবয়স্কের পক্ষ থেকেও আক্বীক্বাহ্ দেয়া বৈধ। (নায়লুল আওতার ৪র্থ খণ্ড, ৩৭১ পৃষ্ঠা)

নাম প্রসঙ্গ

নামের গুরুত্ব ও তাৎপর্য : পরিচয়ের জন্য নামের উৎপত্তি। অসংখ্য বস্তুকে চেনার জন্য প্রয়োজন নামের। প্রত্যেক জিনিসের নামের অর্থ সে বস্তুর বৈশিষ্ট্যের ইঙ্গিত বহন করে। সকল কিছুর স্রষ্টা মহান প্রভু আল্ল-হ তা'আলা মানব জাতির পিতা 'আদাম ('আলাইহিস সালাম)-কে সৃষ্টি করে প্রত্যেক জিনিসের নাম শিখিয়েছেন। মানুষের নামের সাথে থাকে তার জাতির পরিচয়। শুধু চিহ্নিত করাই নামকরণের একমাত্র উদ্দেশ্য নয়। ইসলামী ভাবধারা সম্বলিত নামকরণ ইসলামী সভ্যতা ও সংস্কৃতির একটি গুরুত্বপূর্ণ অংশ। নামকরণের দ্বারা মানুষের 'আক্বীদাহ্, চিন্তাধারা ও মানসিকতার বহিঃপ্রকাশ ঘটে। এর জন্যই নামের গুরুত্ব ও তাৎপর্য রয়েছে। সন্তান ভূমিষ্ঠ হবার পর ছেলে বা মেয়ে সকলেরই একটি অর্থবোধক নাম সাত দিনের মধ্যে রাখা পিতা-মাতার কতর্ব্য। আল্ল-হর বান্দা বা দাসত্বমূলক নাম, নাবীদের নাম ও সহাবাদের নামে নাম রাখা উত্তম। আর কোন কাফির, মুশরিক, ফাসিক্ব কিংবা পাপী ব্যক্তিদের নামে নাম রাখা শারী'আতে নিষিদ্ধ। কারণ নামের প্রতিক্রিয়া সন্তানের চরিত্র প্রতিফলিত হয়। হাদীসে এর অসংখ্য প্রমাণ রয়েছে আবূ দারদা (রাযি.) বর্ণনা করেন, রসূল ﷺ বলেছেন : ক্বিয়ামাতের দিনে তোমাদের ডাকা হবে তোমাদের নাম ও পিতাদের নামে, তাই তোমাদের নামগুলো সুন্দর রাখ- (আহমাদ,আবূ দাউদ,মিশকাত ৯ম খণ্ড হাঃ ৪৫৬১)। যেমন আল্ল-হ বলেন : "তোমার একে অপরের মন্দ নামে ডেকো না"- (সূরাহ্ হুজুরত, ১১)। যদিও প্রত্যেক মুসলিমের শারী'আতসম্মত সুন্দর ও অর্থপূর্ণ নাম রাখা জরুরী। তবুও অনেকেই আরবী ভাষার অজ্ঞতার কারণেও শির্কী, হারাম, হাস্যকর, অর্থহীন ও বিজাতীয় নাম রাখে। তাই এসব ইসলাম বিরোধী নাম অবশ্যই পরিহার করে চলতে হবে আর এ ব্যাপারে সর্তক ও সজাগ থাকতে হবে।

ইসলামী ও অর্থপূর্ণ নাম রাখা কেন জরুরী : প্রকৃত মুসলিম হিসেবে বিবেচিত হবার জন্য প্রয়োজন ঈমানের শর্ত পূরণ করা, যথা- অন্তরে বিশ্বাস, মুখে স্বীকার ও কাজে পরিণত করা। ঈমানের এ শর্ত পূরণ না হলে সকল 'ইবাদাতই অর্থহীন। নাম প্রসঙ্গে আবূ দারদা (রাযি.) বলেন, রসূল ﷺ বলেছেন : নিশ্চয় তোমাদেরকে ক্বিয়ামাতের দিন তোমাদের নাম এবং তোমাদের পিতার নাম ধরে ডাকা হবে। অতএব তোমরা তোমাদের নামগুলো সুন্দর সুন্দর রাখ-(আহমাদ, আবূ দাউদ, মিশকাত ৯ম খণ্ড হাঃ ৪৭৫৬১)। রসূল ﷺ আরো বলেছেন : যে যে জাতির অনুসরণ করবে তার সাথে হাশর হবে (ক্বিয়ামাতের মাঠে উঠবে)- (আবূ দাউদ)। বর্তমানে বাংলাদেশে তথাকথিত প্রগতিশীলতার নামে বিজাতীয়, অর্থহীন ও ফিল্ম স্টারদের নামে নাম রাখার কুপ্রথা ব্যাপকভাবে প্রচলিত। আর এসব নাম রাখার জন্য সন্তানদের উপর

প্রভাবও পড়ছে যার দৃষ্টান্ত সমাজে অহরহ দেখা যাচ্ছে। আবার অনেকেই সন্তানের ২টি নাম রাখে একটি হলো সংক্ষিপ্ত নাম যা অধিকাংশই অর্থহীন ও বিজাতীয় ধরনের এ সংক্ষিপ্ত নামই ব্যাপকভাবে ডাকা হয় আর অপরটির হলো আসল নাম যা গুরুত্বপূর্ণ স্থানে ও কাজে ব্যবহৃত হয়। তাই প্রত্যেক পিতা বা সন্তানের অভিভাবকদের কর্তব্য হলো সে তার সন্তানদের জন্য সংক্ষিপ্ত বা ব্যাপক এবং এক বা একাধিক যে নামই রাখুক না কেন অবশ্যই তা সুন্দর ও অর্থবোধক ইসলামী নাম বাছাই করে রাখবে। আর এ ইসলামী নাম রাখার বদৌলতে ইনশা-আল্ল-হ, সন্তানের জীবন সুন্দর ও সুখময় হয়ে উঠবে দুন্ইয়া ও আখিরাতে।

কোন্ ধরনের নাম রাখতে হবে : 'আব্দুল্লাহ ইবনু 'উমার (রাযি.) বলেন, রসূলুল্ল-হ ﷺ বলেছেন : তোমাদের নামসমূহের মধ্যে আল্ল-হ তা'আলার নিকট সবচেয়ে প্রিয় নাম হলো 'আবদুল্লাহ ও 'আবদুর রহমান- (মুসলিম, মিশকাত ৯ম খণ্ড হাঃ)। আল্লামা তাবারানী বলেছেন, যে সমস্ত নামে আল্ল-হর দাসত্ববোধক অর্থ প্রকাশ পায়, সে সব নামই আল্ল-হর নিকট অধিক প্রিয়- (মিশকাত, ৯ম খণ্ড ৫৪ পৃঃ)। আবূ ওয়াহাব জুশামী (রাযি.) বলেন, রসূল ﷺবলেছেন : তোমরা নাবীদের নামানুসারে নাম রাখবে আর আল্ল-হর নিকট 'আবদুল্লাহ ও 'আবদুর রহমান নামই সবচেয়ে প্রিয়- (মিশকাত হাঃ ৪৫৭৩)। বিশ্বের সকল মুসলিম এক জাতির এ সংহতিকে জোরদার করার জন্য প্রয়োজন ইসলামী নামের প্রচলন। আর ইসলামী নামের জন্য শর্ত হলো আরবী। কেননা আরবী হলো আল্ল-হর ভাষা, জান্নাতের ভাষা, নাবী ﷺ ভাষা, কুরআনের ভাষা ও দুন্ইয়ায় সর্বপ্রথম ভাষা। তবে 'আরবী ভাষায় সব নামই ইসলামী নাম নয়। যেমন রসূল ﷺ অনেক সহাবীর নাম পরিবর্তন করেছেন, তাই ঐ ধরনের নামগুলো গ্রহণীয় নয়। আল্ল-হর পছন্দনীয়, রসূলুল্ল-হ ﷺ কর্তৃক নির্দেশিত এবং সহাবী, তাবিঈ, তাবিতাবিঈ ও তারপরে সালফে সলিহীনদের নামই প্রকৃত ইসলামী নাম। ইসলাম গ্রহণ করার পর মুসলিমরা তাদের পূর্বের নাম বদল করে ইসলামী নাম গ্রহণ করে যার ঐতিহাসিক দৃষ্টান্ত বিশ্বব্যাপী মুসলিম দেশসমূহে এখনো পর্যন্ত ইসলামী নামে ব্যাপক প্রচলন। কিন্তু বর্তমান শতকে আঞ্চলিক ও ভাষাভিত্তিক সংকীর্ণ জাতীয়তাবাদের উগ্রমানসিকতার দরুন ইসলামী আরবী নাম পরিবর্তন করে দেশীয় ভাষায় নাম রাখা শুরু হয়েছে। এতে মুসলিম সংহতি নষ্ট হচ্ছে, কেননা নাম দেখে মুসলিম ও অমুসলিম পার্থক্য করাও কঠিন। তাই নামকরণের ক্ষেত্রে যদি মুসলিমরা ইসলামী নিয়মনীতি অনুসরণ করে তাহলে মুসলিমদের বাহ্যিক সংহতি ও পরিচয় মজবুত হবে।

যে ধরনের নাম রাখা নিষিদ্ধ : ১। আল্ল-হর কাছে সবচেয়ে নিষিদ্ধ নাম হচ্ছে- মালিকুল মুল্ক (রাজার রাজা), শাহেনশাহ (বাদশাদের বাদশা), সুলতানিস সালাত্বীন (সম্রাটদের সম্রাট)। (বুখারী ৫ম খণ্ড, হাঃ ৫৭৬৪-৬৫)

২। কুরআনের কোন সূরার নামে নাম করা নিষিদ্ধ- যেমন : ইয়াসীন, ত্বহা, হামিম, আলিফ ইত্যাদি। (তুহফাতুল মাওদুদ ৮০ পৃষ্ঠা বরাতে ইসলামে নামকরণের পদ্ধতি, ৭৬ পৃষ্ঠা)

৩। শুধুমাত্র আল্ল-হর নামে নাম রাখা নিষিদ্ধ- যেমন : সামাদ, জাব্বার, রহ্মান, রহীম, করিম, হাদী, বাকী, গফুর মজীদ, সা'ঈদ, মালিক, খালিক্ব ইত্যাদি। তবে আল্ল-হর নামের সাথে 'আব্দ' যোগ করে নাম রাখা খুবই উত্তম।

৪। জাবির ও সামুরাহ্ ইবনু জুনদুব (রাযি.) থেকে বর্ণিত, রসূল ﷺ বলেছেন : তোমরা রাফি', ইয়াসার, বারাকাত, রাবাহ, আলফাহ, নাজীহ নাম রেখো না।

(তিরমিযী ৫ম খণ্ড হাঃ ২৭৭২-৭৩, মিশকাত ৯ম খণ্ড হাঃ ৪৫৪৭)

৫। মাকরুহ (ঘৃণ্য) নাম হলো : ইসলামের চরম শত্রু ফির'আওন, কারূন, হামান ও ওয়ালীদ ইত্যাদি। (ইসলামে নামকরণের পদ্ধতি ৭৫ পৃষ্ঠা)

৬। বিশ্লেষণমূলক নাম- যেমন : খাইরুল আনাম (সর্বশ্রেষ্ঠ সৃষ্টি), খাইরুল বাশার (সর্বশ্রেষ্ঠ মানব), সাইয়িদুল বাশার (মানবজাতির প্রধান)- এ ধরনের নাম শুধুমাত্র রসূলুল্ল-হ ﷺ-এর জন্য প্রযোজ্য। এছাড়াও আল্ল-হ তার নাবী-রসূলদের যেসব উপাধি দিয়েছেন সেসব উপাধি বা তার সাদৃশ্য ও সমর্থক করে নামকরণ করাও ঠিক নয়। যেমন : আবুল বাশার (মানবজাতির পিতা), খলীলুল্লাহ (আল্ল-হর বন্ধু), কলিমুল্লাহ (আল্ল-হর সাথে কথাবার্তাকারী)। উল্লেখ্য এ নামগুলো শুধুমাত্র 'আদাম ('আলাইহিস সালাম) ও মূসা ('আলাইহিস সালাম)-এর জন্য প্রযোজ্য। (ইসলামে নামকরণের পদ্ধতি ৭৩ পৃষ্ঠা)

৭। আরো আপত্তিকর নাম হলো- মালায়িকাদের (ফেরেশতাদের) নামে রাখা যেমন : ইসরাফিল, ইসরাঈল, মীকাইল ইত্যাদি। (ইসলামে নামকরণের পদ্ধতি ৭৫ পৃষ্ঠা)

৮। 'আলিমদের মতে- আল্ল-হ ছাড়া কোন সৃষ্ট বস্তুর নামের পূর্বে 'আব্দ যোগ করে নাম রাখা হারাম। যেমন : 'আবদুল 'আলী ('আলীর বান্দা), আবদুন্ নাবী (নাবীর বান্দা), গোলাম রসূল (রসূলের বান্দা), গোলাম মুস্তফা (মুস্তফার বান্দা), গোলাম হোসেন (হোসেনের বান্দা), গোলাম 'আলী ('আলীর বান্দা) ইত্যাদি।

৯। অর্থহীন কতগুলো নাম- জরিনা, রুবিনা, হেলেনা, রোজিনা, সেলিনা, রুকসানা, শাহীনা, রেশমা, ফরহাদ ইত্যাদি।

১০। এছাড়া আপত্তিকর বিজাতীয় নামসমূহ- সান্টু, যন্টু, মিন্টু, নান্টু, রিন্টু, ঝন্টু, লান্টু,.বল্টু, পল্টু, হ্যাপি, বাপ্পি, অপু, তপু, কালা, ভোলা, রুপু, স্বপন, চঞ্চল, আকাশ, বিপুল, প্রিন্স, বাবন, সুমন, রুমন, নিপন, পিন্টু, বিপুল, বিপ্লব, জেমস্, টমাস, চম্পা, ডেজী, লিলি, বিউটি, লাভলী, মিমি, জসি, শিল্পী, পপি, টিটু, ময়না, কেয়া, ডলি, বেবী, রেবা, সুইটি, রিতা, পাখি, ডায়না, প্রিয়াংকা, বন্যা, ড্যানী ইত্যাদি।

ত্রুটিযুক্ত, ব্যঙ্গ ও বিকৃত নাম পরিহার ও পরিবর্তন করতে হবে : অর্থহীন, বিজাতীয়, আপত্তিকর, ব্যঙ্গ ও বিকৃত করে নাম ডাকা ইসলাম সমর্থন করে না। আল্ল-হ বলেন :

وَلَا تَنَابَزُوْا بِالْاَلْقَابِ

"তোমরা একে অপরের মন্দ নামে ডেকো না- (সূরাহ হুজুরাত, ১১)।"

'আয়িশাহ্ (রাযি.) বলেন, নাবী ﷺ খারাপ নাম পরিবর্তন করে দিতেন- (মিশকাত ৯ম খণ্ড, হাঃ ৪৫৬৭)। নাবী ﷺ-এর সম্মুখে কেউ এলেই প্রথমে তার নাম জিজ্ঞেস করতেন এবং তা পছন্দ হলে খুশী হতেন এবং সে খুশীর ভাব প্রতিবিম্বিত হত তার পবিত্র অবয়বে। কিন্তু অপছন্দ হলে তার মুখমণ্ডলে বিরক্তি ভাব প্রকাশ পেত। কোন ব্যক্তির নাম অপছন্দ হলে সঙ্গে সঙ্গে তিনি তার নাম পরিবর্তন করে দিতেন। যেমন : 'আলী (রাযি.) বলেন- যখন হাসানের জন্ম হয় তার নাম রাখলাম হার্‌ব (যুদ্ধ)। তিনি বলেন, তারপর নাবী ﷺ এসে বললেন : ছেলেকে আমায় দেখাও, তার কি নাম রেখেছো? আমরা বললাম : হারব (যুদ্ধ)। তিনি বললেন : বরং সে হাসান (সুন্দর), যখন হুসাইনের জন্ম হলো তখন তার নাম রাখলাম হার্‌ব (যুদ্ধ)। তারপর নাবী ﷺ এসে বললেন, ছেলেকে আমায় দেখাও, তার নাম কি রেখেছো? আমরা বললাম, হারব (যুদ্ধ)। তিনি বললেন, বরং সে হুসায়েন (সুন্দর) (তিনি) আলী (রাযি.) বলেন : যখন তৃতীয়টি জন্মগ্রহণ করে তারও নাম রাখলাম হার্‌ব (যুদ্ধ)। তারপর নাবী ﷺ এসে বললেন : ছেলেকে আমায় দেখাও, তার কি নাম রেখেছো? আমরা বললাম : হার্‌ব। তিনি বললেন : বরং সে মুহসিন (পরোপকারী)। (আহমাদ ১ম খণ্ড, আদাবুল মুফরাদ হাঃ ৮২৩)

ইবনু 'উমার (রাযি.) হতে বর্ণিত আছে, "(তিনি বলেন) নাবী ﷺ 'আশিয়াহ্ (বিদ্রোহিনী, একগুঁয়ে), নাম পরিবর্তন করে দিয়েছিলেন এবং বলেন : তুমি জামিলা (সুন্দরী)"- (মুসলিম, মিশকাত হাঃ ৪৫৫২, তিরমিযী ৫ম খণ্ড হাঃ ২৭৭৫)। আবূ হুরাইরাহ্ (রাযি.) হতে বর্ণিত, "যাইনাবের নাম ছিল বার্রা (অত্যন্ত ধার্মিকা)। বলা হলো যে, সে নিজের প্রতি উচ্চ ধারণা পোষণ করে। রসূলুল্ল-হ ﷺ তাই তার নাম রাখলেন যাইনাব (সুগন্ধময় ফুল)"- (বুখারী ৫ম খণ্ড, হাঃ ৫৭৫১)। সা'ঈদ ইবনু মুসাইয়্যিব বর্ণনা করেন, "তিনি তার দাদা থেকে শুনেছেন : রসূলুল্ল-হ ﷺ মুসাইয়্যিবের দাদাকে জিজ্ঞেস করলেন- তোমার নাম কি? সে উত্তর দিল : হাজর (রুক্ষ বা শক্ত মাটি)। তিনি বললেন, তুমি সাহ্‌ল (নরম মাটি)।" (বুখারী ৫ম খণ্ড, হাঃ ৫৭৪৮)

বাংলাদেশে কোন কোন অঞ্চলে বিকৃত নাম ডাকা ব্যাপকভাবে প্রচলিত রয়েছে যেমন : বৃহত্তর নোয়াখালী অঞ্চলে আঃ হককে হক্কা, আঃ রশিদকে রইশ্যা, মজিবর রহমানকে মইজ্যা, সালাহউদ্দিনকে সইল্ল্যা লিয়াকতকে লেক্কা ইত্যাদি উচ্চারণে ডাকে। অনেকে নাম সংক্ষিপ্ত করে বলে যেমন : দেলওয়ারকে দিলু, হেদায়েতউল্লাহকে হেদু, বদরুদ্দীনকে বদু, মমিনুল ইসলামকে মনা, সানোয়ারকে সানু ইত্যাদি। আবার অনেকের গুণ ও বৈশিষ্ট্যের বিপরীত নামও দেখা যায় যেমন : কালো নয় অথচ তার নাম হয় কাল্লু, কালা, কালা চাঁন, কালা মিয়া ইত্যাদি। ভাল দু' চোখের

অধিকারী লোকের নাম কানু মিয়া, স্মরণ শক্তির অধিকারী লোকের নাম ভোলা মিয়া, ধনী ও সুখী ব্যক্তির নাম দুখু মিয়া, উন্নত নাকের অধিকারী লোকের নাম বোচা মিয়া ইত্যাদি। কিছু নামের প্রচলন রয়েছে যা অর্থের দিক দিয়ে অসম্পূর্ণ, যথা : শাহীদুল, হাবীবুর আতাউল, শামসুল ইত্যাদি। এভাবে সমাজে অসংখ্য ত্রুটিযুক্ত, ব্যঙ্গ ও বিকৃত নাম রয়েছে। তাই প্রত্যেক মুসলিম অভিভাবকদের উচিত শখ করে কেউ রাখলে বা ডাকলেও অবশ্যই অর্থহীন ও কুরুচীপূর্ণ নাম পরিবর্তন করতে হবে এবং কোন মুসলিম সন্তানের নাম যেন এমন না হয় সে ব্যাপারে সজাগ থাকতে হবে।

ভাল ও মন্দ নামের প্রভাব : ইবনু কাইয়্যিম জাওযিয়া (রহ.) তাঁর কিতাব 'তুহফাতুল মাওদূদ বি আহকামিল মাওদূদ' এর মধ্যে বলেন : "নামের সাথে সামঞ্জস্যপূর্ণভাবেই মানুষের ভাল-মন্দ আচরণ, চরিত্র ও কর্মধারা প্রভাবিত হয়। রসূলুল্ল-হ ﷺ-কে মুহাম্মাদ (চরম প্রশংসিত) ও আহমাদ (অত্যন্ত প্রশংসাকারী) নামে ডাকা হত। বস্তুতঃ চারিত্রিক বৈশিষ্ট্যে তিনি ছিলেন আল্ল-হর প্রশংসায় সর্বোত্তম এবং পৃথিবীর সকলের কাছেই তিনি চরমভাবে প্রশংসিত। রসূলুল্ল-হ ﷺ তাই সুন্দর নাম রাখতে বলেছেন, কেননা নামধারী তার নামের কারণে লজ্জাবোধ করে মন্দ কাজ থেকে বিরত থাকে এবং নামের অর্থের সাথে সামঞ্জস্যপূর্ণ কাজে প্রবৃত্ত হয়। এজন্য দেখা যায় সমাজের উচ্চশ্রেণীর লোকদের নাম সুন্দর ও উঁচু মানের; ইতর জনের নাম তাদের জীবনযাত্রার মতই অশুভ, অর্থহীন অসঙ্গতিপূর্ণ।

নামধারীর উপর নামের প্রভাব যে কত গভীর তা নিম্নলিখিত হাদীস থেকে প্রমাণিত। সা'ঈদ ইবনু মুসাইয়্যিদ থেকে বর্ণিত, সে (বর্ণনাকারীর দাদা) বলে : আমি নাবী ﷺ-এর কাছে এলাম; তিনি জিজ্ঞেস করলেন : তোমার নাম কি? আমি বললাম : হাযন (কর্কশ, রুক্ষ, শুষ্ক মাটি)। তিনি বললেন : তুমি সাহল (নরম/কোমল) সে বলল; আমার পিতা যে নাম রেখেছে তা পরিবর্তন করবই না। ইবনু মুসাইয়্যিব বলেন যে, তখন থেকেই আমার বংশের মধ্যে ঐ কর্কশতা, রুক্ষতা বিদ্যমান ছিল- (মিশকাত হা: ৪৫৭২)। কোন স্থানে অশুভ নামের কারণে ও মানুষ সেখানে দুর্দশায় পতিত হয়। হুসাইন (রাযি.) মাদীনাহ্ ত্যাগ করে কুফা অভিমুখে রওনা হয়ে ফুরাত নদীর সন্নিহিত এক ময়দানে এসে ঐ ময়দানের নাম জিজ্ঞেস করলেন। জানান হলো, 'কারবালা'। তিনি বিস্মিত হলে বললেন : কারব (দুঃখ) ও বালা (দুর্দশা) দু'টোরই সমন্বয়ে নাম। পরবর্তী ইতিহাস হুসাইনের জীবনাবসানোর করুণ কাহিনীর নীরব সাক্ষী হয়ে আছে। রসূলুল্ল-হ ﷺ ওহশী (বন্য, বর্বর, অসভ্য) নামের ব্যাক্তিকে তার নাম ও তার কার্যের জন্য ঘৃণা করেছেন। ওহশীর নাম যেমন ছিল অশুভ, ঘৃণাহ; তার কার্যও ছিল অনুরূপ। এ ওহশীই উহুদের যুদ্ধে সিংহপুরুষ হামযা (রাযি.)-এর হত্যাকারী। ইসলাম গ্রহণের পর সে অনুতপ্ত হয়ে দৃঢ় প্রতিজ্ঞ হয় যে এমন কাজ সে করবে যাতে তার পূর্বে

কৃতকর্মের ক্ষতিপূরণ হয়। আল্ল-হ তার কাতর অনুশোচনা কবূল করেছিলেন। ইয়ামামার যুদ্ধে মুসাইলামাহ্ আল্ কায্যাব-মিথ্যাবাদী ভণ্ড নাবীর দাবীদার)-কে এ ওহ্শীই অতি তৎপরতার সাথে হত্যা করে। **শেষে মন্তব্য করে 'ইসলাম গ্রহণের পূর্বে** আমার হাতে এক শ্রেষ্ঠ মুসলিম নিহত হন। ঈমান আনার পর ইসলামের এক সবচেয়ে বড় দুশমনকে হত্যা করে সে ক্ষতিপূরণ করলাম।' উপরোক্ত ঘটনায় প্রমাণিত হয়, মানুষের জীবনে স্থান বা ব্যক্তির নামের প্রত্যক্ষ প্রভাব আছে। এজন্য নাম নির্বাচনে অতি সতর্কতার প্রয়োজন। মানুষ যে নামে অন্যকে ডাকে সে নামের শুভ-অশুভ অর্থের প্রতিফলন দেখা যায় তার জীবনে। এজন্য বলা হয় মানুষের মুখের কথাতেই দুঃখ-দুর্দশা টেনে আনে। (ইসলামে নামকরণের পদ্ধতি ৫৫-৫৭ পৃঃ)

ইসলামী নামের শ্রেণী বিভাগ : সংক্ষিপ্ত নাম : সন্তানের বা অন্য কিছু নামের পূর্ব আবূ (পিতা) বা উম্মু (মাতা) যোগ না করে এবং পিতা এবং পূর্বপুরুষগণের নামের পূর্বে ইবনু বা বিনতে যোগ না করে এক শব্দে বা মিশ্র শব্দে নামকরণই হচ্ছে সংক্ষিপ্ত নাম।

বংশসূচক নাম : পিতা বা পূর্বপুরুষগণের নামের পূর্বে ইবনু (পুত্র) বিনতে (কন্যা) সংযোগ করে নামকরণ করাকে বংশসূচক নাম বলে। এ ধরনের নামকরণের ফলে উদ্দেশিত ব্যক্তিকে সনাক্তকরণ সহজ। কারণ এতে ব্যক্তির নামের সাথে পিতা বা পূর্বপুরুষগণেরও নাম সংযুক্ত থাকে। আরবে এ ধরনের নামকরণের প্রচলন বেশী।

সম্বন্ধসূচক নাম : বংশ, গোত্র, পেশা, বাসস্থান, জন্মস্থান ইত্যাদির বিশেষণযোগে নামকে সম্বন্ধসূচক নাম বলে। বিশ্বে বহু মুসলিম মনীষী আছেন যারা সম্বন্ধসূচক নামেই বিখ্যাত হয়েছেন। যেমন, ইমাম বুখারী (রহ.)। বুখারা হচ্ছে তার জন্মস্থানের নাম। যেমন ইমাম নাসিরুদ্দীন আলবানী (রহ.)। আলবেনীয়া হচ্ছে তার জন্মস্থানের নাম।

উপাধি : কোন কোন ব্যক্তি তার সুমহান কর্মফল, অবদান বা গুণের কারণে বিভিন্ন উপাধিতে ভূষিত হয়ে থাকেন। যেমন : 'উমারের নামের শেষে ফারূক (সত্য-মিথ্যার পার্থক্যকারী), আবূ বাক্রের শেষে সিদ্দীক (বিশ্বাসী), খালিদ বিন ওয়ালীদের নামের শেষে সাইফুল্লাহ (আল্ল-হর তরবারি) ইত্যাদি।

উপনাম : সন্তানের নামের পূর্বে তার আবূ (পিতা) বা উম্মু (মাতা) যোগ করে ডাকাকে উপনাম বলে। আরবদের মধ্যে উপনামের প্রচলন আছে। যেমন : আবুল কাসিম (কাসিমের পিতা), আবূ বাক্র (বাক্রের পিতা), আবূ হুরাইরাহ্ (ভাবার্থে-বিড়াল স্নেহকারী) ইত্যাদি।

উল্লেখ্য বাংলাদেশে উপনাম, উপনাম, উপাধী, সম্বন্ধসূচক ও বংশসূচক নামের প্রচলন সাধারণত দেখা যায় না।

আদর্শ নামের তালিকা

আল্ল-হ তা'আলার নিরানব্বইটি নাম

আল্ল-হ	আল্ল-হ, যিনি ব্যতীত কোন মা'বূদ নেই।
আররহমা-নু	পরম দয়ালু
আররাহীমু	অত্যন্ত দয়ালু
আলমা-লিকু	মহা প্রভু
আলকুদ্দু-স	অত্যন্ত পাক ও পবিত্র
আসসালা-মু	শান্তিদাতা
আল মু'মিনু	নিরাপত্তাদানকারী
আলমুহাইমিনু	রক্ষাকর্তা
আলআযী-যু	প্রভাবশালী
আলজাব্বার	শক্তিপ্রয়োগকারী
আলমুতাকাব্বিরু	যার অহঙ্কার করা শোভা পায়
আলখালিকু	সৃষ্টিকর্তা
আলবা-রউ	ত্রুটিহীন স্রষ্টা
আলমুসাওবিরু	আকৃতি গঠনকর্তা
আলগাফ্ফা-রু	অত্যন্ত ক্ষমাশীল
আলকাহ্হা-রু	সকল বস্তু যার ক্ষমতার অধীন
আলওয়াহহা-বু	পরমদাতা
আররাযযা-কু	রিয্কদাতা
আলফাত্তা-হু	বিজয়দাতা
আলআলীমু	যিনি গোপন প্রকাশ্য সব কিছু জানেন
আলক্বা-বিযু	সঙ্কোচনকারী
আলবা-সিতু	সম্প্রসারণকারী
আলখা-ফিযু	অবনতি দানকারী
আররা-ফিউ	উত্তোলনকারী
আলমুইয্যু	গৌরব দানকারী
আলমুযিল্লু	অপমানকারী
আসসামীউ	শ্রবণকারী
আলবাসীরু	দর্শনকারী
আলহাকামু	সুবিচারক
আলআদলু	ন্যায়বিচারক
আললাতিফু	অনুগ্রহকারী
আলখাবীরু	যিনি সবকিছুর খবর রাখেন
আলহালীমু	ধৈর্যশীল
আলআযীম	সুমহান
আলগাফূরু	ক্ষমাশীল
আলশাকূরু	অত্যন্ত কৃতজ্ঞ
আলআলিয়্যু	সুমহান
আলকাবীরু	বিরাট
আলহাফীযু	রক্ষাকারী
আলমুকীতু	রিয্কদাতা
আলহাসীবু	হিসাব গ্রহণকারী
আলজালীলু	সম্মানিত
আলকারীমু	অনুগ্রহকারী
আলরাকীবু	অবলোকনকারী
আলমুজীবু	উত্তর প্রদানকারী
আলওয়াসিউ	সম্প্রসারণকারী
আলহাকীমু	মহাজ্ঞানী
আলওয়াদূদ	যিনি বান্দার কল্যাণেক ভালবাসেন
আলমাজীদু	অসীম অনুগ্রহকারী
আলবা-য়িসু	পুনরুত্থানকারী
আলশাহীদু	বান্দাদের কাজে সাক্ষী
আলহাককু	সত্য প্রকাশন
আলওয়াকীলু	কার্যকারক
আলকাবীয়্যু	চরম শক্তিমান
আলমাতীনু	যার উপর কারো ক্ষমতা নেই
আলওয়ালিয়্যু	সাহায্যকারী

আলহামিদু	প্রশংসার যোগ্য
আলমুহ্সী	হিসাব রক্ষক
আলমুব্দিউ	প্রথম আবিস্কারক
আলমুঈদু	মৃত্যুর পর পুনঃসৃষ্টিকারী
আলমুহ্য়ী	জীবনদাতা
আলমুমীতু	মৃত্যুদানকারী
আহাইয়্যু	চিরঞ্জীব
আলকাইয়্যুমু	চিরস্থায়ী
আলওয়া-জিদু	সর্ববিষয়ে ইচ্ছা করা মাত্র প্রাপ্ত
আলমা-জিদু	বড়দাতা
আলওয়া-হিদু	যার কোন অংশীদার নেই
আলআহাদু	অনন্য, একক
আস্সমাদু	অমুখাপেক্ষী
আলকা-দিরু	ক্ষমতাবান
আলমুক্তাদিরু	সার্বভৌমত্বের অধিকারী
আলমুআখ্খিরু	যিনি দূরে রাখেন যাকে ইচ্ছে
আলআউয়্যালু	প্রথম
আলআ-খিরু	সর্বশেষ
আযযা-হিরু	যিনি প্রকাশ্য
আলওয়ালিউ	অভিভাবক
আলমুতাআ-লিউ	সর্বোপরি
আলবাররু	অনুগ্রহকারী
আততওয়া-বু	তাওবাহ্ গ্রহণকারী
আলমুনতাক্বিমু	প্রতিশোধ গ্রহণকারী
আলআফুব্বু	বড় ক্ষমাশীল
আররাউ-ফু	অত্যন্ত দয়াশীল
মালিকুল মুলকি	বিশ্বকর্তা
যুলজালা-লি ওয়াল ইকরাম	মহিমা ও সম্মানের অধিকারী
আলমুক্বসিতু	অত্যাচার দমনকারী
আলজা-মিউ	ক্বিয়ামাতের দিন বান্দাদের একত্রকারী
আলগানিয়্যু	অমুখাপেক্ষী
আলমুগনীউ	সম্পদ দানকারী
আলমা-নিউ	বাধাদানকারী
আযযা-ররু	যিনি বিপদ দেয়ার ক্ষমতা রাখেন
আননাফিউ	সুফলদাতা
আননূরু	জ্যোতি
আলহা-দিউ	সুপথ প্রদর্শক
আলবাদীউ	প্রথম সৃষ্টিকর্তা
আলবা-ক্বিউ	চিরস্থায়ী
আলওয়া-রিসু	উত্তরাধিকারী
আররশীদু	সুপথপ্রদর্শক
আসসবূর	বড় ধৈর্যশীল

(মিশকাত ৫ম খণ্ড, হাঃ ২১৮০)

উল্লেখ্য শুধুমাত্র আল্ল-হর নামে নাম রাখা যাবে না তবে আল্ল-হর নামের সাথে 'আব্দ' (গোলাম বা দাস) যোগ করে নাম রাখা যাবে। যেমন : 'আব্দুর রহমান, 'আব্দুস সবুর, 'আব্দুল মতিন, 'আব্দুর রায্যাক, 'আব্দুল হক, 'আব্দুর রহীম ইত্যাদি।

উপরোক্ত নিরানব্বইটি নাম ব্যতীত পবিত্র কুরআন ও হাদীসের বিভিন্ন জায়গায় আল্ল-হ তা'আলার আরো কতিপয় নামের উল্লেখ রয়েছে তার মধ্যে কয়েকটি হচ্ছে :

আর রববু	প্রতিপালক, প্রভু, লালনকর্তা
আল আহাদু	একক, অদ্বিতীয়
আশ-শা-ফিউ	রোগ মুক্তিদাতা
আল হান্না-নু	সহানুভূতিশীল
আর মান্না-নু	করুণাময়
আস সাত্তা-রু	দোষ আচ্ছাদনকারী
আল-মুন'ইমু	উপকারক হিতৈষী

আল-মু'তিউ	দয়াশীল
আল মুহসিনু	দানশীল, দয়ালু
মাওলা	প্রভু, অভিভাবক
আন নাসীরু	অধিক সাহায্যকারী
আল মুহতু	পরিবেষ্টনকারী

নাবী-রসূলদের নামসমূহ

আদাম عليه السلام	মানব জাতির পিতা

ইদরীস عليه السلام

নূহ عليه السلام

লূত عليه السلাম

হূদ عليه السلام

সালিহ عليه السلام

ইবরা-হীম عليه السلام

ইসমা'ঈল عليه السلام

ইসহাক্ব عليه السلام

ইয়া'কূব عليه السلام

ইউসুফ عليه السلام

আইয়ূব عليه السلام

যুল কিফ্‌ল عليه السلام

শু'আইব عليه السلام

খিজির عليه السلام

মূসা عليه السلام

হারূন عليه السلام

দাঊদ عليه السلام

সুলাইমান عليه السلام

ইলইয়াস عليه السلام

ইউনুস عليه السلام

আল-ইস্‌য়া عليه السلام

যাকারিয়া عليه السلام

ঈসা عليه السلام

মুহাম্মাদ عليه السلام

উযাইর عليه السلام

যুলকারনাঈন عليه السلام

শীস عليه السلام

ইউশা'আ عليه السلام

শাময়ুন عليه السلام

জারজীস عليه السلام

খানুক عليه السلام

দানিয়াল عليه السلام

রসূলুল্ল-হ ﷺ-এর নামসমূহ

মুহাম্মাদ	অতি প্রশংসিত
আহমাদ	প্রশংসনীয়, প্রশংসার যোগ্য
আলমাহি	নির্মূলকারী
আল-আক্বিব	শেষ আগমনকারী
আল-মুকাফ্‌ফা	চিহ্নিতকারী
নাবী-উর-রহমান	রহমানের নাবী
নাবীউল-মালাহিম	সংযোগের দূত
নাবীউত-তাওবাহ	ক্ষমার দূত
আশ-শাহিদ	সাক্ষী
আল-মুবাশ্বির	সুসংবাদদাতা
আন-নাযীর	সতর্ককারী
আয-যাহুক	সদা হাস্যময়
আল-কাত্তাল	প্রতিশোধ গ্রহণকারী
আল-মুতাওয়াক্কিল	নির্ভরশীল
আল-ফাতিহা	বিজয়ী
আল-আমীন	বিশ্বাসী
আল-খাতিম	সর্বশেষ সীলমোহার
আল-মুস্তাফা	নির্বাচিত
আর রসূল	দূত
আন-নাবী	ধর্ম প্রবর্তক
আল-উম্মী	নিরক্ষর

আল হাশির	একমাত্রকারী
আল-মুনীর	আলোকজ্জ্বল
আস্-সিরাজ	প্রদীপ

জান্নাতের সুসংবাদপ্রাপ্ত দশজন সহাবাদের নাম

১। আবু বকর	কুমারীর পিতা
২। উমর	আবাদকৃত
৩। উসমান	সাহায্য উপকৃত
৪। আলী	উন্নত
৫। ত্বলহা	খেজুর গাছের ফুল
৬। যুবাইর	শক্তিশালী
৭। আবদুর রহমান	করুণাময়ের দাস
৮। সা'দ	সৌভাগ্য
৯। সাঈদ	সৌভাগ্যবান
১০। আবূ 'উবাইদাহ্	ছোট দাস

রসূলুল্ল-হ ﷺ-এর স্ত্রীদের নাম

১। খাদীজাহ্	অসম্পূর্ণ।
২। সাওদাহ্	খেজুর গাছের পূর্ণভূমি।
৩। 'আয়িশাহ্	জীবন্ত।
৪। হাফসাহ্	একত্রিত।
৫। যায়নাব	সুগন্ধি ফুল।
৬। জুওয়াইরিয়া	প্রবাহিত ধারা।
৭। মাইমূনাহ্	বারকাত প্রাপ্তা।
৮। সুফইয়া	ছাটাইকৃত।
৯। মা-রিয়া	বাছুরওয়ালী গাভী।
১০। রায়হা-না	ফুলের তোড়া।
১১। উম্মে সালামাহ্	নরম হাত-পা ওয়ালীর মা।
১২। উম্মে হাবীবাহ্	প্রিয় পাত্রীর মা।

রসূল ﷺ-এর ছেলে ও মেয়েদের নাম

১। কা-সিম	বণ্টনকারী।
২। ত্বইয়িব	উৎকৃষ্ট।
৩। ত্ব-হির	পবিত্র।
৪। ইবরা-হীম	পিতাদের পিতা।
৫। যায়নাব	একটি সুগন্ধি ফুল।
৬। রুকাইয়্যাহ	উন্নতশীলা।
৭। উম্মে কুলসুম	স্বাস্থ্যবানের মা।
৮। ফা-তিমাহ্	দুধ ছাড়ানো শিশুর মা।

কয়েকজন সহাবার নাম

১। আনাস	অন্তরঙ্গ।
২। আওস	দান।
৩। উসাইদ	ছোট সিংহ।
৪। আসমার	রাতের কাহিনী বর্ণনাকারী।
৫। আসলাম	অধিক নিরাপদ।
৬। অস্ওদ	সরদার।
৭। হুসাইন	ছোট সুন্দর।
৮। আফ্লাহ	অতি সফল।
৯। হাবীব	প্রিয়।
১০। ইয়া-স	দান।
১১। হাজ্জাজ	অতি উদ্যোগী।
১২। উমা-মাহ্	সিংহ।
১৩। হা-ত্বির	পরিশ্রমী।
১৪। উবাই	আত্মনির্ভরশীল।
১৫। হা-রিস	উদ্যোগী।
১৬। বিলাল	সিক্ত।
১৭। খাব্বাব	নিজের জিনিস প্রতিরোধকারী।
১৮। বুরাইদাহ্	ঠাণ্ডা।
১৯। খা-লিদ	দীর্ঘমেয়াদী।
২০। তামীম	মজবুত।

২১। রা-ফি	উন্নত।
২২। জাবির	ক্ষতিপূরক।
২৩। জারীর	আকর্ষক।
২৪। জা'ফার	প্রচুর দুধের অধিকারী।
২৫। হামযাহ	সিংহ।
২৬। হাসসান	অতি সুন্দর।
২৭। হুযাইফা	ছাটাইকৃত।
২৮। যায়দ	বাড়তি।
২৯। মিয়াদ	বৃদ্ধিপ্রাপ্ত।
৩০। সুহাইল	একটি তারকার নাম।
৩১। সালমান	অধিক নিরাপদ।
৩২। সা-লিম	নিরাপদ।
৩৩। ত্বরিক	রাতে আগমনকারী।
৩৪। তুফাইল	নরম।
৩৫। আসিম	প্রতিরোধকারী।
৩৬। আমির	আবাদকারী।
৩৭। 'উবাইদ	ছোট দাস।
৩৮। 'আতিয়্যাহ	দান।
৩৯। 'আমর	জীবন।
৪০। ফাযল	অনুদান।
৪১। কা'ব	উন্নত।
৪২। মু'আয	আশ্রিত।
৪৩। মুআওয়ায	আশ্রিত।
৪৪। মুসাইয়্যিব	মুক্তকারী।
৪৫। মুগীরাহ্	আত্মমর্যাদায় উদ্বুদ্ধকারী।
৪৬। মাহমুদ	প্রশংসিত।
৪৭। মা'মার	আবাদকৃত।
৪৮। নু'মান	স্বাচ্ছন্দ্য।
৪৯। নাঈম-	স্বচ্ছল, কৃপাপূর্ণ।
৫০। ওয়ালীদ	বালক।
৫১। হিশাম	নতুন বালক।
৫২। হাম্মাম	খুবই উদ্যোগী।
৫৩। ইয়াযীদ	বৃদ্ধিপ্রাপ্ত।

কয়েকজন মহিলা সহাবার নাম

আসমা	উন্নতশীলা।
উনাইসা	প্রিয়া।
উমামাহ্	অগ্রবর্তিনী।
বুসরাহ্	টাটকা জিনিস।
বারীরাহ্	সুব্যবহারকারিণী।
জামীমাহ্	ধৈর্যশীলা।
খওলাহ	দান, হরিণী।
খানসা	একাকিনী।
সালামাহ্	বিপদমুক্ত।
রুমাইয়া	দূরকারিণী।
সালমা	নিরাপদ।
যুসাইরাহ্	সবলা।
সুহাইমাহ্	অংশীদারিণী।
মাইমূনাহ	বৃদ্ধিপ্রাপ্ত।
শিফা	আরোগ্য।
লুকমাহ	খাঁটি জিনিস।
আমরাহ	মাথায় রাখার জিনিস।
কাইলাহ	সর্দারণী।
যুবাইআহ্	সম্মানে ও সৌন্দর্যে অগ্রবর্তিনী।

কয়েকজন তাবিঈর নাম

ইয়ায়শী	জীবন্ত।
আবা-ন	প্রকাশ।
অকী	মজবুত।
হাম্মাদ	অতি প্রশংসাকারী।
না-সিহ	উপদেশক।
যুহ্বাহ	সৌন্দর্য।
নাযর	লাবণ্য।
যুহাইর	চমৎকার।
না-ফি	উপকারী
যামীল	সাথী।
মুখতার	পছন্দনীয়।

সাইয়্যার	খুবই চলন্ত।
মুখাল্লাদ	দীর্ঘায়ু।
শাকীক্ব	সঠিক পথপ্রাপ্ত।
কাতাদাহ্	কষ্ট সংগ্রহণকারী।
'আতা	দান।
গালিব	বিজয়ী।
'উতবাহ্	উপত্যকার মোড়।
আলা	উন্নতি।

আল্ল-হর নামের সাথে যোগ করে নাম

'আবদুল্ল-হ	আল্ল-হর দাস।
'আমানুল্ল-হ	আল্ল-হর নিরাপত্তা।
'আসাদুল্ল-হ	আল্ল-হর সিংহ।
'আত্বাউল্ল-হ	আল্ল-হর দান।
ফাযলুল্ল-হ	আল্ল-হর অনুগ্রহ।
সানাউল্ল-হ	আল্ল-হর গুণাগুণ।
ফাইযুল্ল-হ	আল্ল-হর বিশেষ দান।
বাশীরুল্ল-হ	আল্ল-হর সুসংবাদবাহক।
হামীদুল্ল-হ	আল্ল-হর প্রশংসাকারী।
অলিউল্ল-হ	আল্ল-হর বন্ধু।
শাহীদুল্ল-হ	আল্ল-হর সাক্ষী।
নাসরুল্ল-হ	আল্ল-হর সাহায্য।
হাফিযুল্ল-হ	আল্ল-হর চৌকিদার।
সালীমুল্ল-হ	আল্ল-হ কর্তৃক নিরাপদ।
আহমাদুল্ল-হ	আল্ল-হর অধিক প্রশংসাকারী।
